

পড়াশোনা

মেডিকেল ভর্তি পরীক্ষার শেষ মুহূর্তের রসায়ন প্রস্তুতি

লেখা : ডা. মাইনুল ইসলাম সফল, জাতীয় মেধায় ১০ম (২০১৬-১৭)



ডা. মাইনুল ইসলাম সফল
জাতীয় মেধায় ১০ম (২০১৬-১৭)

মেডিকেল ভর্তি পরীক্ষা রসায়ন প্রস্তুতি

শেষ মুহূর্তে কি করবে,
কি করবে না—

মেডিকেল ভর্তি পরীক্ষায় রসায়নে থাকে ২৫ নম্বর। আর এই ২৫ নম্বরের মধ্যে ২০+ নম্বর পাওয়াটাও কষ্টকর। সব ঠিক

তোমাদের মনে অনেক প্রশ্ন থাকে। আজকে আমরা প্রশ্নের ছলে জেনে নেব রসায়নে ভালো করতে হলে কী কী করতে হবে।

কোন বই পড়ব?

ভর্তি পরীক্ষায় সব সময়ই ফোকাস থাকতে হবে টেক্সট বুক। আর রসায়নের জন্য টেক্সট বুক হিসেবে হাজারী স্যারের বইকেই প্রাধান্য দেওয়া হয়। তাই রিভিশনের সময়ও এ বইটাকেই বেশি গুরুত্ব দিতে হবে।

অনেক বড় বড় চ্যাপ্টার। রিভিশন কীভাবে দেব?

রসায়নের প্রতি পত্রে মাত্র পাঁচটি করে অধ্যায় থাকলেও অধ্যায়গুলো অনেক বড়। সে ক্ষেত্রে একেকটা অধ্যায় একবারে পড়া এবং মনে রাখা যথেষ্ট কষ্টকর। তাই বড় অধ্যায়গুলো (যেমন—জৈব রসায়ন) একবারে না পড়ে ভাগ ভাগ করে পড়লে সেটা বেশি কার্যকর হয়।

এত এত বিক্রিয়া সব কীভাবে মনে রাখব?

রসায়ন মানেই বিক্রিয়া। কিন্তু বিগত কয়েক বছরের প্রশ্ন বিশ্লেষণ করলে দেখবে সব ধরনের বিক্রিয়া কিন্তু পরীক্ষায় আসেনি। তাই আমরা বলে থাকি নামধারী বিক্রিয়াগুলো (যেমন—উর্টজ বিক্রিয়া, হফম্যান ক্ষুদ্রাংশকরণ বিক্রিয়া) আয়ত্তে রাখার জন্য।

অধ্যায় শেষ করে প্রশ্ন প্র্যাকটিসের জন্য কী করব?

বিগত কয়েক বছরে অনুশীলনী থেকে অনেক প্রশ্ন এসেছে। তাই একটি অধ্যায় শেষ করার পর প্র্যাকটিসের জন্য চয়েজ লিস্টের প্রথমেই থাকা উচিত অনুশীলনীর প্রশ্ন।

রিভিশনের সময় শর্ট সিলেবাস পড়ব নাকি ফুল সিলেবাস?

পরীক্ষা যেহেতু ফুল সিলেবাসে হচ্ছে, সে ক্ষেত্রে শর্ট বা ফুল আলাদা করার কোনো সুযোগ নেই। অবশ্যই ফুল সিলেবাসই ভালোভাবে রিভিশন দিতে হবে।

কোনো সাজেশন?

■ প্রতিটি চ্যাপ্টারেরই কিছু টপিক থাকে, যেগুলো থেকে নিয়মিত প্রশ্ন হয়। এ রকম টপিকগুলো (যেমন—আয়ন বা মৌল শনাক্তকরণ, নির্দেশক) একটু মার্ক করে বা টুকে রাখতে পারো, যেন এগুলো বারবার রিভিশন হয় এবং এগুলো থেকে ভুল না হয়।

■ খুব কঠিন প্রশ্নগুলো না পারার জন্য আসলে চান্স মিস হয় না। চান্স মিস হয় কমন জিনিসগুলো না পারার কারণে। তাই শেষ সময়ে এসে কঠিন কঠিন প্রশ্নগুলো নিয়ে বেশি মাথা না ঘামানোটাই বুদ্ধিমানের কাজ হবে।

আশা করছি, শেষ সময়ের প্রস্তুতি ও পরীক্ষা সবার ভালো হবে। ইনশা আল্লাহ। সবাই ভালো থাকো, সুস্থ থাকো। আর বেশি বেশি দোয়া কর যেন সৃষ্টিকর্তা প্রত্যেকের মনের নেক ইচ্ছা পূরণ করে দেন।

ডা. মাইনুল ইসলাম সফল, জাতীয় মেধায় ১০ম (২০১৬-১৭)



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো